ইত্তেফাক

390

তারিখ ... ৪।১২।৭৭ ...

পৃষ্ঠা ... ... কলাম ... ... ...

# ক্রমান্বয়ে দেশের উপযোগী শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা হইবে

**—প্রধানমন্ত্রী**

বাসস ও এনা জানায়, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেন যে, ক্রমান্বয়ে ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থার পরিবর্তে দেশের উপযোগী একটি আধুনিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা হইবে। তিনি গতকাল গুলশানে ইংরেজী মাধ্যম স্কুল 'মানারত ঢাকা'র প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। প্রধানমন্ত্রী বলেন, ঔপনিবেশিক ব্যবস্থার খারাপ জিনিসগুলি বর্জন এবং ভাল দিক রাখা হইবে। প্রধানমন্ত্রী বলেন, ইসলামী শিক্ষাকেন্দ্রে সময়ের উপযোগী বৈজ্ঞানিক ও প্রযুক্তিবিদ্যার উপর গুরুত্বসহ একটি ইসলামী শিক্ষা ব্যবস্থার প্রবর্তন করা হইবে।